## তেরখাদা উপজেলার আইসিটি সংক্রান্ত জুলাই /২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আসাদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
তারিখ : ২৭/০৭/২০২৩খ্রি:।
সময় : সকাল-১০.৩০ ঘটিকায়।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য:</u>

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকল উপজেলার আইসিটি সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | <u>উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য:</u><br>এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ইউনিয়নসমূহের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে উদ্যোক্তাদের সাথে আলোচনা করা হয়। সকল অফিস এবং ইউনিয়নের তথ্য বাতায়ন হালনাগাদের জন্য জরুরী ভিত্তিতে চিঠি প্রদানের জন্য বলা হয়। | ১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>২। ইউনিয়ন পর্যায়ে ১০০% ওয়েব সাইট হালনাগাদ বাস্তবায়নের কাজের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), তেরখাদা।<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা।<br><br>৩। উদ্যোক্তা (সকল) |
| ২.০ | <u>ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত:</u><br>ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার অধিকাংশ দপ্তরকে অত্র উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে প্রদান করা হয়েছে। ইতিপূর্বে সহকারী প্রোগ্রামার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করেন এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। | ই-নথি কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), তেরখাদা<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা |
| ৩.০ | <u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, তেরখাদা উপজেলার ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্পের প্রথম ধাপে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শণ করা হচ্ছে। এছাড়াও প্রকল্পের দ্বিতীয় ধাপে থেকে আরও ০৭ টি ল্যাব স্থপনের কার্যক্রম শেষ হয়েছে বলে সহকারী প্রোগ্রামার জানিয়েছেন। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা।<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), তেরখাদা। |
| ৪.০ | <u>মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্তঃ</u><br>শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন তাতে দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে যাতে শতভাগ রিপোর্ট ভালো হয় এ ব্যপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর অধিনস্থ সকল শিক্ষককে পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়ার বিষয়টি অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা। |

CS CamScanner

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫.০ | সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত | সকল অফিসের দাপ্তরিক যোগাযোগের জন্য ই-মেইল ব্যবহার করতে হবে। ই-মেইলে প্রাপ্ত পত্রের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা রয়েছে। | উপজেলা পর্যায়ের অফিস প্রধান(সকল), তেরখাদা, খুলনা |
| ৬.০ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্তঃ<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার সম্পর্কে সহকারী প্রোগ্রামার জানান যে, ইউডিসি সমূহ নিয়মিত তদারকি করা হচ্ছে। জানুয়ারি/২০২৩ মাসের জেলা আইসিটি কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ইউডিসি উদ্যোক্তাদের নিয়ে একটি ডিজিটাল প্লাটফর্মে গ্রুপ তৈরির কাজচলমান আছে। | ১। ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে জনগন যাতে সেঠিকভাবে সেবা পায় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। ডিজিটাল প্লাটফর্মে গ্রুপ দ্রুত তৈরির জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা।<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল)। |
| ৭.০ | বিসিসি কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সংযোগ সংক্রান্তঃ<br>বিসিসি এর আওতাধীন ইনফো সরকার-২ প্রকল্পের মাধ্যমে প্রদত্ত ইন্টারনেট সম্পর্কে সহকারী প্রোগ্রামার জানান যে, নতুন ভবনে সার্ভার স্থানান্তরের কারনে ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন ছিলো। নতুন করে সংযোগ স্থাপনের কাজ চলমান রয়েছে। | ১। ইন্টারনেট সংযোগ স্থাপনের কাজ দ্রুত সম্পাদনের ব্যাপারে সহকারী প্রোগ্রামারকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয় | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তেরখাদা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।
+৮৮০২৪৭৭৭৩১৯০৬
ই-মেইল: unoterokhada@mopa.gov.bd

স্মারক নং – ৫৬.০৪.৪৭৯৪.০০০.০৬.০০১.২৩-৩৫

তারিখ: ২৭/০৭/২০২৩খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-
১। মাননীয় সংসদ সদস্য ১০২, খুলনা-০৪ ।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার , খুলনা।
৫। জেলা প্রশাসক, খুলনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। ..........................................................................................।
৮। অফিস নথি।

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।
+৮৮০২৪৭৭৭৩১৯০৬

CS CamScanner